

সারাদেশ

সাতক্ষীরায় আবার শুরু হলো ৩শ' বছরের ঐতিহ্যবাহী গুড় পুকুর মেলা

প্রতিবেদক: সাতক্ষীরা প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ০৮:০৮ PM



দীর্ঘ দুই বছরের বিরতি কাটিয়ে সাতক্ষীরায় আবারও ঐতিহ্যবাহী গুড় পুকুরের মেলা শুরু হয়েছে। বুধবার (১ অক্টোবর) শহরের শহিদ আব্দুর রাজ্জাক পার্কে জমকালো আয়োজনের মধ্য দিয়ে এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ৩০০ বছরের প্রাচীন এই উৎসবকে ঘিরে স্থানীয়দের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে।

সাতক্ষীরা জেলা প্রশাসনের আয়োজনে ও ব্যবস্থাপনায় বুধবার দুপুরে বেলাুন ও ফেস্টুন উড়িয়ে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা প্রশাসক মিস্ কাউসার আজিজ। আগামী ২০ অক্টোবর পর্যন্ত টানা ২০ দিনব্যাপী এই লোকজ উৎসব ও মেলা চলবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার আবু সালেহ মোহাম্মদ আশরাফুল আলম, জেলা বিএনপির আহ্বায়ক রহমাতুল্লাহ পলাশ এবং সদস্য সচিব আবু জাহিদ ডাবলুসহ স্থানীয় প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

মেলা উপলক্ষে পুরো শহিদ আব্দুর রাজ্জাক পার্ক জুড়ে শতাধিক স্টল বসেছে। মেলায় পাওয়া যাচ্ছে মাটির তৈরি খেলনা, লৌহজাত সামগ্রী,

বাঁশ ও বেতের আসবাবপত্র এবং হরেক রকমের নার্সারি চারা। এছাড়া দর্শনার্থীদের বিনোদনের জন্য রয়েছে নাগরদোলা, মিনি রেলগাড়ি ও নৌকা রাইড। মিষ্টির দোকানগুলোতেও ঐতিহ্যবাহী লোকজ মিষ্টির সমাহার দেখা গেছে।

উল্লেখ্য, ২০০২ সালের ২৮ সেপ্টেম্বর মেলা চলাকালীন একটি সার্কাস প্যান্ডেল এবং স্থানীয় রক্সি সিনেমা হলে ভয়াবহ বোমা হামলার ঘটনা ঘটে। ওই হামলায় তিনজন প্রাণ হারান এবং অর্ধশতাধিক মানুষ আহত হন। সেই হৃদয়বিদারক ঘটনার পর থেকে এই মেলার জৌলুস ও ঐতিহ্য অনেকটাই ম্লান হয়ে পড়েছিল। এবার কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে পুনরায় মেলা চালু হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনশোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ঐমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাখনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/satkshiray-abar-shuru-hlo-3sh-bchhrer-oitihjbahi-gur-pukur-mela>